# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৯৭৫

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - বাগান ও জমিনের বর্গা (পরস্পর সেচকার্য করা ও ভাগে কৃষিকাজ, বর্গাচাষ করা)

بَابُ الْمُسَاقَاةِ وَالْمُزَارَعَةِ

### আরবী

وَعَن رَافِعِ بْنِ خَدِيجٍ قَالَ: كُنَّا أَكْثَرَ أَهْلِ الْمَدِينَةِ حَقْلًا وَكَانَ أَحَدُنَا يُكْرِي أَرْضَهُ فَيَقُولُ: هَذِهِ الْقِطْعَةُ لِي وَهَذِهِ لَكَ فَرُبَّمَا أَخْرَجَتْ ذِهِ وَلَمْ تُخْرِجْ ذِهِ فَنَهَاهُمُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

### বাংলা

২৯৭৫-[৪] রাফি’ ইবনু খাদীজ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা মদীনায় সর্বাধিক জমিনের মালিক ছিলাম। আমাদের মধ্যে কেউ তার জমিন এভাবে বর্গা দিতো আর বলতো যে, জমিনের এ অংশ আমার আর ঐ অংশ তোমার অথচ কখনও কখনও এ স্থানে ফসল উৎপাদিত হতো, আর ঐ স্থানে হতো না। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে এটা নিষেধ করলেন। (বুখারী ও মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৩৩২, মুসলিম ১৫৪৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যা : (حَقْلًا) উত্তম পানি। একমতে বলা হয়েছে- চাড়া গাছ যখন তার নলা মোটা হয়ে শক্ত হওয়ার পূর্বে তার পাতা বিভিন্ন শাখায় বিভক্ত হয়, অতঃপর শস্যের উপর প্রয়োগ করা হয়, এ হতেই مُحَاقَلَةَ (মুহাকালাহ্) শব্দের উৎপত্তি। অতঃপর একে مزارعة উপর প্রয়োগ করা হয়েছে। (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৩৩২)

(هٰذِهِ الْقِطْعَةُ لِىْ) এ অংশ আমার অর্থাৎ এ অংশে যে ফসল উৎপাদন হবে তা আমার। (وَهٰذِه لَكَ) এ অংশ তোমার অর্থাৎ এ অংশে যা উৎপাদন হবে তা তোমার।

(فَرُبَّمَا أَخْرَجَتْ ذِهْ وَلَمْ تُخْرِجْ ذِهْ) কখনো কখনো এ অংশে ফসল হতো আর ঐ অংশে ফসল হতো না।

(فَنَهَاهُمُ النَّبِىِّ ﷺ) ফলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে নিষেধ করলেন। অর্থাৎ ধোঁকা তথা একপক্ষের ক্ষতিতে নিপতিত হওয়ার আশঙ্কা থাকার কারণে এ পদ্ধতিতে জমি বর্গা দেয়া নিষেধ করলেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68302

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন